

সাওম বিষয়ক আধুনিক কিছু মাসআলা

বিভাগ/অধ্যায়ঃ যে ব্যক্তি সূর্যান্তের পর ইফতার করল, অতঃপর বিমান উড্ডয়নের পর সূর্য দেখতে পেল রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

যে ব্যক্তি সূর্যান্তের পর ইফতার করল, অতঃপর বিমান উড্ডয়নের পর সূর্য দেখতে পেল

বিবরণ: কোনো মুসাফির ব্যক্তির এমন হতে পারে যে, তার সাওম পালন অবস্থায় বিমান উড্ডয়নের পূর্বে সূর্য অন্ত গেল। ফলে সে ইফতার করল, কিন্তু বিমান উড্ডয়নের পরে সে সূর্য দেখতে পেল। এমতাবস্থায় সে কি খানা-পিনা পরিহার করে চলবে নাকি খানা-পিনা চালিয়ে যাবে?

পর্যালোচনা: সূর্য ডুবার পর যে ব্যক্তি ইফতার করল, অতঃপর বিমান উড্ডয়নের পর সূর্য দেখতে পেল, সে খানা-পিনা চালিয়ে যেতে পারবে এবং তার সাওম বিশুদ্ধ বলে পরিগণিত হবে।

সউদী আরবের ফাতওয়া বোর্ডের স্থায়ী কমিটি এবং শাইখ মুহাম্মাদ ইবন সালেহ আল-উসাইমীন রহ. এই মত গ্রহণ করেছেন। শাইখ উসাইমীন রহ. তার মতামত প্রকাশের পর নিম্নোক্ত হাদীসটি দলীল হিসাবে পেশ করেন,

«إِذَا أَقْبَلَ اللَّيْلُ مِنْ هَاهُنَا، وَأَدْبَرَ النَّهَارُ مِنْ هَاهُنَا، وَغَرَبَتِ الشَّمْسُ، فَقَدْ أَفْطَرَ الصَّائِمُ»

"পূর্ব দিক থেকে যখন রাত এসে যাবে এবং পশ্চিম দিক থেকে যখন দিন চলে যাবে ও সূর্য ডুবে যাবে, তখন সাওম পালনকারী ইফতার করবে"।[1] তিনি বলেন, ঐ ব্যক্তি যেহেতু শর'ঈ দলীলের আলোকে ইফতার করেছে, সেহেতু অন্য কোনো শর'ঈ দলীলের আলোকে ছাড়া খানা-পিনা ত্যাগ করা তার জন্য জরুরি হবে না।

ফুটনোট

[1] সহীহ বুখারী, হাদীস নং ১৯৫৪; সহীহ মুসলিম, হাদীস নং ১১০০।

Source — https://www.hadithbd.com/books/link/?id=9806

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন